

যান্ত্রিক ত্রুটি : মাঝ আকাশ থেকে ফিরে এলো বিমান

- A Monitor Desk Report

Date: 07 August, 2025



ঢাকাঃ কারিগরি ত্রুটির কারণে বিমান বাংলাদেশের ব্যাংককগামী একটি ফ্লাইট উড্ডয়নের প্রায় ১ঘণ্টা পর ফের ঢাকায় ফিরে আসে।

বুধবার (৬ আগস্ট) দুপুর ১২টা ৬ মিনিটে ঢাকা থেকে থাইল্যান্ডের ব্যাংককের উদ্দেশে ছেড়ে যায় বিমানের বিজি-৩৮৮ ফ্লাইটটি। কিন্তু যান্ত্রিক ত্রুটির কারণে এটি মিয়ানমার থেকে ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ফিরে আসে।

বিমানের এক সিনিয়র ক্যাপ্টেন সংবাদমাধ্যমকে জানান, যান্ত্রিক ত্রুটির কারণে ফ্লাইটটি মিয়ানমারের আকাশসীমা থেকে ঢাকায় ফিরে আসে।

বোয়িং ৭৩৭-৮০০ উড্ডোজাহাজের যাত্রী ধারণক্ষমতা ১৭০ জনের।

বিমানের পাইলট নাম প্রকাশ না করার শর্তে বলেন, 'উড্ডয়নের পর পাইলট ইঞ্জিনে অস্বাভাবিক কম্পন লক্ষ্য করেন।'

উড্ডোজাহাজটি তখন মিয়ানমারের আকাশে ছিল। নিরাপত্তার কারণে, পাইলট ফিরে আসার সিদ্ধান্ত নেন এবং দুপুর ১টা ২১ মিনিটে ফ্লাইটটি ঢাকায় অবতরণ করে।

বিমান সূত্র জানায়, প্রায় ৬ ঘণ্টা পর যাত্রীদের বোয়িং ৭৭৭ বিমানে ব্যাংককে পাঠানো হয়।

বিমানের একাধিক কর্মকর্তা জানিয়েছেন যে, উড্ডোজাহাজটির ইঞ্জিনে আগেই সমস্যা ছিল।

তারা জানান, কয়েকদিন আগে শাহজালালের হ্যাঞ্জারে ব্যাপক পরিসরে উড্ডোজাহাজটির রক্ষণাবেক্ষণ (সি-চেক) করা হয়।

এরপর গত সোমবার (৪ আগস্ট) ঢাকা-সিলেট-ঢাকা রুটে এটির পরীক্ষামূলক ফ্লাইট পরিচালনা করা হয়েছিল। তখন উড্ডোজাহাজটির ইঞ্জিনে

অতিরিক্ত কম্পন দেখা গিয়েছিল।

বিমানের এক কর্মকর্তা জানান, কম্পনের বিষয়টি পাইলট সংশ্লিষ্টদের জানানোর পর বিমানের প্রকৌশল বিভাগ তা নিয়ে কাজ করে এবং সমাধান করা হয় বলে জানায়।

গত ২৮ জুলাই বিকেল সাড়ে ৩টায় ঢাকা থেকে সৌদি আরবের দাম্মামের উদ্দেশে ছেড়ে যাওয়া ফ্লাইট বিজি-৩৪৯ ফ্লাইটের ক্ষেত্রেও একই রকম ঘটনা ঘটে।

-B